গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সামাজিক নিরাপত্তা অধিশাখা

জাতীয় সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগনের অংশগ্রহণে আয়োজিত সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ কামাল হোসেন সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
সভার তারিখ	২৪ অক্টোবর ২০২১ খ্রি:
সভার সময়	বেলা ৩:০০ ঘটিকা
স্থান	মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষ - ১০০৫ এবংঅনালাইন (জুম), পরিবহন পুল ভবন ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, দেশের সামাজিক নিরাপত্তা ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে সরকার ২০১৫ সালে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল প্রণয়ন করেছে। এ কৌশল দেশের সামাজিক নিরাপত্তা ব্যবস্থাকে একটি জীবনচক্র কাঠামো অনুযায়ী পুনর্বিন্যাসের জন্য ২০২৬ সাল পর্যন্ত একটি দীর্ঘমেয়াদী পরিকল্পনা। ইতোমধ্যে এ কর্ম-পরিকল্পনার ১ম পর্যায় ২০১৫-২০২১ সাল বাস্তবায়ন শেষ হয়েছে এবং ২য় পর্যায় পরবর্তী ২০২১-২০২৬ সাল পর্যন্ত এর খসড়া প্রস্তুত করা হয়েছে। তিনি উল্লেখ করেন, সামাজিক নিরাপত্তা কৌশল এর অভিলক্ষের মূল বিষয় হচ্ছে বিদ্যমান সামাজিক নিরাপত্তা ব্যবস্থায় আধুনিকায়ন, বিতরণ ব্যবস্থা উন্নয়ন এবং সর্বোপরি জীবনচক্রভিত্তিক সামাজিক নিরাপত্তা ব্যবস্থা বিনির্মাণের ক্ষেত্রে যে সব ঘাটতি রয়েছে তা পূরণের জন্য কর্মসূচি গ্রহণ। এ জন্য বিদ্যমান সামাজিক নিরাপত্তা ব্যবস্থায় নির্ধারিত কিছু ক্ষেত্রে সংস্কার সাধনই কর্ম-পরিকল্পনার ২য় পর্যায়ের মূল উদ্দেশ্য।

০২। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য অতিরিক্ত সচিব (সমন্বয়) জনাব মো: রাহাত আনোয়ার-কে অনুরোধ করেন। জনাব মো: রাহাত আনোয়ার বলেন, সামাজিক নিরাপত্তা বাংলাদেশ সরকারের অন্যতম অগ্রাধিকার প্রাপ্ত বিশেষ কর্মসূচিসমূহের একটি। দেশের সামাজিক নিরাপত্তা ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে সরকার ২০১৫ সালে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল প্রণয়ন করেছে এবং এ কৌশল বাস্তবায়নের জন্য সরকার পাঁচ বছর মেয়াদী একটি কর্ম-পরিকল্পনা (২০১৫-২০২১) প্রণয়ন করেছিল, যার মেয়াদ ৩০ জুন ২০২১ খ্রিস্টাব্দ শেষ হয়েছে। ফলশ্রুতিতে দেশের সামাজিক নিরাপত্তা ব্যবস্থাকে জীবনচক্র কাঠামো অনুযায়ী পুনর্বিন্যাসের জন্য আগামী পাঁচ বছরের জন্য অর্থাৎ আগামী ২০২৬ সাল পর্যন্ত একটি দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়ন করা অপরিহার্য। সকলের ঐকান্তিক প্রচেষ্টার মাধ্যমে যথাসময়ে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল এর ফলপ্রসূ এবং কার্যকর খসড়া কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা সম্ভব হয়েছে। তিনি বিষয়টি বিস্তারিতভাবে উপস্থাপনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব জনাব মোহাম্মদ খালেদ হাসানকে অনুরোধ করেন।

০৩। জনাব মোহাম্মদ খালেদ হাসান উল্লেখ করেন যে, বিগত কর্ম-পরিকল্পনায় যে সব বিষয় অন্তর্ভুক্ত ছিল তার মধ্যে অন্যতম হচ্ছে জীবনচক্র-ভিত্তিক কতিপয় বৃহৎ কর্মসূচি গ্রহণ, ক্ষুদ্র ক্ষুদ্র কর্মসূচিসমূহ সমন্বয়, দরিদ্র এবং দারিদ্র্য-নিকটবর্তী মানুষের জন্য সামাজিক নিরাপত্তা সম্প্রসারণ এবং সর্বোপরি এ ক্ষেত্রে সুশাসন ব্যবস্থা উন্নয়ন। তিনি উল্লেখ করেন, দ্বিতীয় পর্বের কর্ম-পরিকল্পনায় উপরোক্ত বিষয়ের পাশাপাশি নগর কেন্দ্রিক সামাজিক নিরাপত্তা, প্রচার কৌশল, প্রতিবন্ধী অন্তর্ভুক্ত, কোভিড-১৯ মুখী কর্মসূচি ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে।

০৪। তিনি তার উপস্থাপনায় আরোও উল্লেখ করেন যে, জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-এর ২য় পর্যায়ের কর্ম-পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে মন্ত্রণালয়সমূহের অংশগ্রহণে একাধিক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে যার মাধ্যমে কর্ম-পরিকল্পনার

একটি সম্ভাব্য কাঠামো প্রণয়ন করা হয়েছে। এর আলোকে মন্ত্রণালয়সমূহ তাদের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের সঙ্গে আলোচনাক্রম স্ব স্ব কর্মপরিকল্পনা চূড়ান্ত করে দাপ্তরিকভাবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করে। মন্ত্রণালয়/বিভাগসমূহ থেকে প্রাপ্ত কর্মপরিকল্পনাসমূহ সংকলনপূর্বক চূড়ান্ত করে গত ২৭ জুন ২০২১ খ্রি: কেন্দ্রিয় ব্যবস্থাপনা কমিটির নিকট উপস্থাপন করা হয়েছিল। উক্ত কমিটির সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সংকলিত খসড়া কর্মপরিকল্পনাটি পর্যালোচনার জন্য ই-মেইলযোগ মন্ত্রণালয়/বিভাগসমূহে প্রেরণ করা হয়। তাঁদের নিকট থেকে প্রাপ্ত সুপারিশ, পরামর্শ অনুযায়ী এ কর্ম-পরিকল্পনায় সংশোধন, পরিমার্জন কবা পরিবর্ধন করা হয়েছে।

০৫। সভাপতি সমাপনী বক্তব্যে উল্লেখ করেন, পরিমার্জিত খসড়াটি কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির আগামী সভায় উপস্থাপন করা হবে। সে প্রেক্ষিতে সভাপতি খসড়াটি শেষবারের মত পর্যালোচনা করার জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে অনুরোধ করেন। এ বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা আগামী ৩১ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে ই-মেইলযোগ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। সভাপতি চূড়ান্তভাবে অনুমোদিত খসড়া কর্মপরিকল্পনাটি মুদ্রণের পূর্বে প্রুফ সংশোধণপূর্বক ভাষা ও তথ্যগত শুদ্ধতা নিশ্চিত করার ওপর গুরুত্বরোপ করেন। কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত সাপেক্ষে কর্ম-পরিকল্পনাটি এ বছর ডিসেম্বর মাসের মধ্যে মুদ্রণকার্য সমাপ্ত করে এটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করার বিষয়ে আশাবাদ ব্যক্ত করা হয়।

সিদ্ধান্ত:

০৬। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

(ক) খসড়া কর্ম-পরিকল্পনাটির পর্যালোচনাপূর্বক কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা আগামী ৩১ অক্টোবর ২০২১ খ্রি: তারিখের মধ্যে ই-মেইলযোগে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য সকল সদস্যকে অনুরোধ করা হল;

(খ) খসড়া কর্ম-পরিকল্পনাটি মুদ্রণের পূর্বে প্রুফ সংশোধনপূর্বক ভাষা ও তথ্যগত শুদ্ধতা নিশ্চিত করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(গ) কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত সাপেক্ষে কর্ম-পরিকল্পনাটি এ বছর ডিসেম্বর মাসের মধ্যে মুদ্রণ কার্য সমাপ্ত করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কর্মকতাগণকে অনুরোধ করার হয়। এটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করার বিষয়েও আশাবাদ ব্যক্ত করা হয়।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

মোঃ কামাল হোসেন
সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৭২৫.১৮.০০১.১৫.১০৩

তারিখ: ১৯ কার্তিক ১৪২৮
০৪ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
২) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ
৩) সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়
৪) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
৫) সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়
৬) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
৭) সিনিয়র সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
৮) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৯) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
১০) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
১১) সচিব, খাদ্য মন্ত্রণালয়
১২) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
১৩) সচিব , মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
১৪) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১৫) সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৬) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
১৭) সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
১৮) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
১৯) সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
২০) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
২১) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
২২) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
২৩) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
২৪) সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন
২৫) সচিব , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
২৬) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
২৭) সচিব, ভূমি মন্ত্রণালয়
২৮) সচিব, শিল্প মন্ত্রণালয়
২৯) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়
৩০) সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
৩১) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৩২) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৩৩) সচিব , সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩৪) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৩৫) সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
৩৬) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
৩৭) যুগ্মসচিব, সিভিল রেজিস্ট্রেশন ও সামাজিক নিরাপত্তা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৩৮) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
৩৯) প্রকল্প পরিচালক, এসএসপিএস প্রোগ্রাম

৪০) একান্ত সচিব, সচিব এর দপ্তর, প্রধানমন্ত্রীর কার্যালয়

৪১) সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ

৪২) প্রকল্প ব্যবস্থাপক , এসএসপিএস প্রোগ্রাম

৪৩) উপ প্রকল্প পরিচালক, এসএসপিএস প্রোগ্রাম

৪৪) সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

৪৫) অতিরিক্ত সচিব (সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ

মুর্শিদা শারমিন
উপসচিব